

স্মারক নম্বর: ০৫.৪৫.০০০০.০১৪.১৮.০০১.২১.১২৭

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯

৩০ মার্চ ২০২৩

বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ ঐর সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের লক্ষ্যে ১৩.০৩.২০২৩ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

০২। ইহা মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ'সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০১ (এক) পাতা।

৩০-৩-২০২৩

মো: শফিকুর রেজা বিশ্বাস

বিভাগীয় কমিশনার

ফোন: ০২৯৯৭৭১০২৪৭

ফ্যাক্স: ০২৯৯৬৬৬৬৪৪০

ইমেইল:

divcommymensingh@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ০৫.৪৫.০০০০.০১৪.১৮.০০১.২১.১২৭/১

তারিখ: ১৬ চৈত্র ১৪২৯

৩০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩০-৩-২০২৩

মো: শফিকুর রেজা বিশ্বাস

বিভাগীয় কমিশনার

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন;	অত্র কার্যালয়ের সংস্থাপন শাখার ১৩/০৩/২৩ তারিখের ১০৩ নং অফিস আদেশমূলে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে।
২.	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন;	গত ১৩/০৩/২৩ তারিখে সভা আয়োজন করা হয়েছে এবং একই তারিখের ৭২ নং স্মারকমূলে কার্যবিবরণী জারি করা হয়েছে।
৩.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন;	গত ২১/০৩/২৩ তারিখে সভা আয়োজন করা হয়েছে এবং ২৮/০৩/২০২৩ তারিখের ১২২ নং স্মারকমূলে কার্যবিবরণী জারি করা হয়েছে। এর পূর্বে ২৭.০৯.২০২২ এবং ১৩.১২.২০২২ তারিখে দু'টি সভা করা হয়েছে।
৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ;	অত্র কার্যালয়ের সংস্থাপন শাখার ২৮/০৩/২৩ তারিখের ১২৪ নং স্মারকপত্র মূলে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে।
৫.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন;	এপিএ চুক্তি অনুযায়ী অত্র কার্যালয়ের জন্য বছরে ০২টি প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের নির্দেশনা রয়েছে। সে নির্দেশনা মোতাবেক ০৮/০১/২০২৩ তারিখে ০১ টি কর্মশালা আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ০১ টি প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার জুন/২৩ মাসের মধ্যে আয়োজন করা হবে।
৬.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন;	বিগত ২৭/১২/২২ তারিখে সভা আয়োজন করা হয়েছে এবং একই তারিখের ৪৮৯ নং স্মারকমূলে কার্যবিবরণী জারি করা হয়েছে।
৭.	পরিবীক্ষণ কমিটির প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোড;	পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবপোর্টালে আপলোডের কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন হচ্ছে।



৩০-৩-২০২৩ ১৩:১৭:৭

মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ ভূঁইয়া  
সিনিয়র সহকারী কমিশনার, সংস্থাপন শাখা  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ